গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা

...

সভাপতি	সৈয়দ মোঃ আলমগীর উপপরিচালক
সভার তারিখ	০৯/১১/২০২০ খ্রি.।
সভার সময়	সকাল ১০:০০ ঘটিকা।
স্থান	সম্মেলন কক্ষ, মৎস্য ভবন, উত্তরা, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

ক্র.	আলোচনাসূচি	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	মুজিব বর্ষ	মুজিব বর্ষ-২০২০ সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে শরীয়তপুরের নড়িয়া উপজেলায় হালইসার মৎস্য গ্রাম এবং যমুনা সেতুর দু'পাশে ১২ কি: মি: অভয়াশ্রম স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। টাংগাইল জেলায় অবস্থিত অভয়াশ্রমের ৬কি:মি: এর সীমানা নির্ধারণ করা সহ সচেতনতা সভা সমূহের অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়।	১. শরীয়তপুর জেলার নড়িয়া উপজেলায় মৎস্য গ্রাম বাস্তবায়নের সকল পদক্ষেপ গ্রহণ করতে হবে। ২. টাংগাইল জেলায় অবস্থিত ৬ কি.মি. অভয়াশ্রমের সীমানা পিলার দ্রুত বসাতে হবে।	জেলা মৎস্য কর্মকর্তা শরীয়তপুর এবং টাংগাইল
০২	মা ইলিশ রক্ষা কার্যক্রম ২০২০	প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশ রক্ষা কার্যক্রম ২০২০ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে স্থানীয় সংসদ সদস্য, জনপ্রতিনিধি, জেলা/উপজেলা প্রশাসন, বাংলাদেশ পুলিশ, নৌ বাহিনী, বিমান বাহিনী, র‍্যাব, জেলা ও উপজেলা টাস্কফোর্স কমিটি, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকসহ সকলের সমন্বিত প্রচেষ্টায় এ কার্যক্রম বাস্তবায়নের বিভিন্ন দিক নিয়ে সভায় আলোচনা করা হয়।	প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশ রক্ষা কার্যক্রম ২০২০ সুষ্ঠুভাবে সম্পন্ন করাতে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	সকল জেলা মৎস্য কর্মকর্তা ও সিনিয়র /উপজেলা মৎস্য অফিসার
০৩	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)	বর্তমান অর্থবছরের খাতওয়ারি এপিএ নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি, রেজিস্টারে নিয়মিত লিপিবদ্ধকরণ, মনিটরিং টিম গঠন করা, মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ বিষয়ে আলোচনা করা হয় ।	এপিএ সংক্রান্ত রেজিস্টার নিয়মিত লিপিবদ্ধকরণ, মনিটরিং টিম গঠন, মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে।	সকল জেলা মৎস্য অফিসার ও সিনিয়র/উপজেলা মৎস্য অফিসার
০৪	ই-নথি ব্যবস্থাপনা	ই-নথির অনুশীলনে জেলা মৎস্য কর্মকর্তাগণের নিকট থেকে মনোনীত কর্মকর্তাগণের TOT প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তাদের মাধ্যমে জেলার উপজেলাসমূহে এ সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণের উদ্যোগ নেয়ার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	মাসিক সভা/ ইন হাউস প্রশিক্ষণে ই-নথি বিষয়ে প্রশিক্ষিত কর্মকর্তাদের মাধ্যমে দপ্তরের সকলকে এ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করবেন।	সকল জেলা মৎস্য অফিসার
০৫	জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প	জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় প্রকল্পের বাস্তবতা যাচাইপূর্বক জলাশয় সংস্কারের নিমিত্ত প্রস্তাব প্রেরণ ও স্বচ্ছতার সাথে বাস্তবতার আলোকে সঠিক পদ্ধতি (যেমন এলসিএস, কোটেশন, টেন্ডার ইত্যাদি) মেনে জলাশয় সংস্কারের কার্যক্রম পরিচালনার বিষয়ে আলোচনা হয়। মৎস্যচাষের উপযোগিতা নির্ধারণ করে প্রকল্প প্রস্তাব প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়।	জেলা মৎস্য অফিসারগণ বাস্তবতা যাচাইপূর্বক জলাশয় সংস্কারের নিমিত্ত প্রস্তাব প্রেরণ করবেন।	সকল জেলা মৎস্য অফিসার
০৬	এনএটিপি প্রোগ্রাম ফেজ-।। ও ইউনিয়ন প্রকল্প	এনএটিপি প্রোগ্রাম ফেজ-।। প্রকল্প ও ইউনিয়ন প্রকল্পের মাঠ পর্যায়ে মাঠ পর্যায়ে বেশ কিছু সম্প্রসারণ কর্মকর্তা ও ক্ষেত্র সহকারীর পদ শূন্য বলে জেলা মৎস্য কর্মকর্তাগণ সভায় জানান।	এনএটিপি প্রোগ্রাম ফেজ-।। প্রকল্প ও ইউনিয়ন প্রকল্পের মাঠ পর্যায়ে শূন্য পদ পূরণের জন্য প্রকল্প পরিচালকগণকে পত্র মারফত যথাযথ ব্যবস্থা নেয়ার অনুরোধ জানাবেন ।	উপপরিচালক ও সকল জেলা মৎস্য কর্মকর্তা
০৭	সরকারী মৎস্য বীজ উৎপাদন খামারের অগ্রগতি	জেলা মৎস্য অফিসারগণের সাথে সমন্বয় রেখে খামারের কার্যক্রম পরিচালনা ও নতুন কর্মপরিকল্পনা প্রস্তুত করে অনুমোদন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অতিসত্বর কেন্দ্রীয় কারিগরী কমিটির সভায় কর্মপরিকল্পনা অনুমোদন করার বিষয়ে আলোকপাত করা হয়।	ঢাকা বিভাগের মৎস্যবীজ উৎপাদন খামারের কর্মপরিকল্পনা অনুমোদনের নিমিত্ত কেন্দ্রীয় কারিগরী কমিটির সভা করতে হবে।	উপপরিচালক/সকল জেলা মৎস্য অফিসার/ খামার ব্যবস্থাপকগণ
০৮	শুদ্ধাচার সংক্রান্ত	উপস্থিত কর্মকর্তাদের সাথে শুদ্ধাচার ও সুশাসন প্রতিষ্ঠার বিষয়ে আলোচনা হয়। উপপরিচালক মহোদয় সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে শুদ্ধাচার মেনে দাপ্তরিক কার্যক্রম পালন করার নির্দেশনা প্রদান করেন।	ইতোমধ্যে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক প্রণীত শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম পরিচালনা করবেন।	বিভাগীয় সকল কর্মকর্তা ও কর্মচারিবৃন্দ।

০৯	অভ্যন্তরীণ নিরীক্ষা	নিয়মিতভাবে অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম পরিচালনার বিষয়ে আলোচনা হয়। দপ্তরের স্থায়ী মালামালের মজুদ যাচাই, মনোহারি মালামাল মজুদ রেজিস্টারে লিপিবদ্ধকরণ, ক্রয় পদ্ধতি ইত্যাদি নিরীক্ষা করার বিষয়ে আলোচনা করা হয়।	জেলা মৎস্য অফিসারগণ নিয়মিতভাবে অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করে কর্তৃপক্ষকে অবহিত করবেন।	সকল জেলা মৎস্য অফিসার
১০	কোভিড -১৯ এ ক্ষতিগ্রস্তদের প্রণোদনা প্রদান	জেলা মৎস্য অফিসারগণ তাঁদের বিভিন্ন প্যাকেজে প্রণোদনা প্রদান বিষয়ে সভাকে অবহিত করেন। যে সকল জেলা ক্ষতিগ্রস্তদের মাঝে এখনো প্রণোদনা প্রদানের ব্যবস্থা করতে পারেন নি, সে বিষয়ে সভায় বিস্তরিত আলোচনা করা হয়।	সকল জেলার জেলা মৎস্য অফিসারগণকে প্রণোদনা প্যাকেজের আওতায় সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল জেলা মৎস্য অফিসার
১১	জাতীয় তথ্য বাতায়ন হাল নাগাদকরণ	জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদকরণ বিষয়ে সভায় আলোচনা হয়।	এপিএ চুক্তি ২০২০-২১ অনুযায়ী হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল জেলা মৎস্য কর্মকর্তা ও সিনিয়র/উপজেলা মৎস্য অফিসার।
১২	ক্ষুদ্র ঋণ	মোট প্রদত্ত ঋণের সাথে আদায়কৃত অর্থের শতকরা হিসাবে ঋণ আদায়ের হার নির্ণয় বিষয়ে সভায় আলোচনা করা হয়।	মোট প্রদত্ত ঋণের সাথে আদায়কৃত অর্থের শতকরা হিসাবে ঋণ আদায়ের হার নির্ণয় করতে হবে।	সকল জেলা মৎস্য অফিসার ও সিনিয়র/ উপজেলা মৎস্য অফিসার
১৩	বিবিধ	অফিসে নিয়মিত উপস্থিতি, অফিস পরিচালনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা, ক্রয় কার্যক্রমে পিপিআর -২০08 অনুসরণ ও দপ্তরে সকল কর্মকর্তাকে ক্রয় সংক্রান্ত কার্যক্রমে অন্তর্ভূক্তকরণ, বাস্তবিক ভ্রমণভাতা বিল ইত্যাদি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় সকল জেলা মৎস্য অফিসার নিজ নিজ দপ্তর এবং উপজেলা মৎস্য দপ্তর গুলোতে জনবল সংকটের কথা অতি গুরুত্বের সাথে উল্লেখ করেন।	দপ্তর প্রধানগণ অফিসে নিয়মিত উপস্থিতি, অফিস পরিচালনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা, ক্রয় কার্যক্রমে পিপিআর-2008 অনুসরণ ও দপ্তরে সকল কর্মকর্তাকে ক্রয় সংক্রান্ত কার্যক্রমে অন্তর্ভূক্তকরণ, বাস্তবিক ভ্রমণভাতা বিল দাখিল ইত্যাদি বিষয়ে সচেষ্ট থাকবেন। মৎস্য দপ্তর গুলোতে জনবল সংকটের বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর লিখিত এবং মৌখিকভাবে অবহিত করবেন।	উপপরিচালক/সকল জেলা মৎস্য অফিসার ও সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তা

সৈয়দ মোঃ আলমগীর
উপপরিচালক

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.৩০২.১৮.০০৫.২০.৬২

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪২৭
২৫ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর

২) জেলা মৎস্য কর্মকর্তা, ঢাকা /কিশোরগঞ্জ/ মাদারীপুর/ গাজীপুর/ গোপালগঞ্জ/ নারায়ণগঞ্জ/ মানিকগঞ্জ/ ফরিদপুর/ মুন্সিগঞ্জ/ রাজবাড়ী/ শরীয়তপুর/ টাঙ্গাইল/ নরসিংদী।

৩) মোহাম্মদ হাবিবুর রহমান, প্রকল্প পরিচালক, মৎস্য অধিদপ্তর

সৈয়দ মোঃ আলমগীর
উপপরিচালক